

ঢাবি ক ইউনিটে পাসের হার ১৫.৯৩ শতাংশ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১৯-’২০ শিক্ষাবর্ষে বিজ্ঞান অনুষদভুক্ত ‘ক’ ইউনিটের ১ম বর্ষ স্নাতক শ্রেণীর ভর্তি পরীক্ষায় পাসের হার ১৫ দশমিক ৯৩ ভাগ।

রবিবার এই পরীক্ষার সংশোধিত ফল প্রকাশিত হয়। গত ২০ সেপ্টেম্বর অনুষ্ঠিত ক ইউনিটের ভর্তি পরীক্ষায় ৮৫ হাজার ৮শ’ ৭৯ শিক্ষার্থী অংশগ্রহণ করেন। এর মধ্যে ১৩ হাজার ৬শ’ ৮৫ শিক্ষার্থী উত্তীর্ণ হয়েছেন। এই ইউনিটের অধীন আসন সংখ্যা ১ হাজার ৭শ’ ৯৫টি।

পরীক্ষার বিস্তারিত ফল admission.eis.du.ac.bd ওয়েবসাইটে জানা যাবে। এছাড়া, যে কোন অপারেটরের মোবাইল ফোন থেকে DU KA টাইপ করে ১৬৩২১ নম্বরে মেসেজ দিয়ে ফল জানা যাবে।

ক-ইউনিটের ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের আগামী ২৮ অক্টোবর থেকে ১১ নবেম্বর পর্যন্ত নির্ধারিত ওয়েবসাইট থেকে বিস্তারিত ফরম ও বিষয়ের পছন্দক্রম ফরম পূরণ করতে হবে। বিভিন্ন কোটায় আবেদনকারী উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের কোটার ফরম ২৮ অক্টোবর থেকে ০৩ নবেম্বরের মধ্যে বিজ্ঞান অনুষদের ডিন অফিস থেকে সংগ্রহ করতে হবে এবং যথাযথভাবে পূরণ করে একই অফিসে জমা দিতে হবে। ফল নিরীক্ষণের জন্য নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে আগামী ২৮ অক্টোবর থেকে ০৩ নবেম্বরের মধ্যে বিজ্ঞান অনুষদের ডিন অফিসে আবেদন করা যাবে। গত ২০ অক্টোবর ক ইউনিটের ফল প্রকাশিত হয়।

ফল ঘোষণার পর পরেই গণিত অংশের মূল্যায়নে অসঙ্গতি দেখা দেয়। যার কারণে ‘কারিগরি ত্রুটি’ হয়েছে-এই মর্মে একটি ঘোষণা দিয়ে কর্তৃপক্ষ ফল স্থগিত করে।



সাবধানবাণী: বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লিঃ ও জনকণ্ঠ লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডিএ ৭৯৬।

কার্যালয়: জনকন্ঠ ভবন,
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন,
জিপিও বাক্স: ৩৩৮০, ঢাকা।

ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহ্যান্ডিং ২০ টি লাইন),
ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫
ই-মেইল: janakanthanews@gmail.com
ই-জনকন্ঠ: www.edailyjanakantha.com

আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম): মান্নান ভবন (দোতলা),
১৫৬ নুর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম,

Copyright © All rights reserved by dailyjanakantha.com